আকাইদ ও ফিক্‌হ

প্রথম শ্রেণী

Instructbd.blogspot.com

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক সংশোধিত ও পরিমার্জিতরূপে প্রকাশিত আকাইদ ও ফিক্‌হ বিষয় ২০১০ সালের শিক্ষাবর্ষের জন্য ইবতেদায়ী প্রথম শ্রেণীর পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত।

আকাইদ ও ফিক্‌হ

ইবতেদায়ী প্রথম শ্রেণী

রচনায়

মাওলানা মোঃ যাইনুল আবেদীন

সৈয়দ মাহবুবুর রহমান

মাওলানা এম. এ. লতিফ

মাওলানা মোঃ সিদ্দিকুর রহমান

আ.ন.ম. আবদুল কাইউম খন্দকার

সম্পাদনায়

মোঃ আব্দুল মালেক

Instructbd.blogspot.com

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফর্মা নং-১-আ. ফি.-১

প্রকাশক :

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : জানুয়ারি ১৯৯৯

সংশোধিত ও পরিমার্জিত মুদ্রণ : নভেম্বর ২০০২

পুনর্মুদ্রণ :

ই-টেক্সটবুক প্রস্তুতকারক

জিবিসি রিসার্চ এন্ড আইটি

০১৭১৬৫৭৮৫০৫

প্রচ্ছদ ও চিত্রাঙ্কন

প্রফেসর শওকাতুজ্জামান

Instructbd.blogspot.com

সর্বজনীন ইবতেদায়ী শিক্ষা কর্মসূচির আওতায় সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য।

মুদ্রণে :

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম

ভূমিকা

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের টেকস্ট বুক উইং কর্তৃক ১৯৯৪ সালে প্রকাশিত ইবতেদায়ী স্তরের "মাদরাসা শিক্ষাক্রম ও পাঠ্যসূচি প্রণয়ন কমিটির রিপোর্ট" অনুযায়ী ১৯৯৯ সালে ইবতেদায়ী স্তরের ৩৪টি পাঠ্যপুস্তক প্রথম প্রকাশিত হয়। ২০০০ সালেও একই পাঠ্যপুস্তক পাঠ্যভুক্ত ছিল। উক্ত পাঠ্যপুস্তকসমূহে কিছু ত্রুটি-বিচ্যুতি থাকায় আমাদের জাতীয় আশা-আকাঙ্ক্ষার প্রতীক "জাতীয় শিক্ষানীতির" আলোকে এ স্তরের শিক্ষাক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তকসমূহ পরিমার্জন ও নবায়নের কর্মসূচি হাতে নেয়া হয়।

এ কর্মসূচির অধীনে বিষয় বিশেষজ্ঞ, শিক্ষক প্রশিক্ষক, শ্রেণী শিক্ষক, শিক্ষাক্রম বিশেষজ্ঞ সকলের সম্মিলিত প্রয়াসে ৮টি বিষয় বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে ইবতেদায়ী স্তরের শ্রেণীভিত্তিক ৮টি বিষয়ের মোট ৩৪টি পাঠ্যপুস্তক পরিমার্জন করে সেগুলো নব-আঙ্গিকে প্রকাশের কাজ সম্পন্ন করা হয়।

"আকাইদ ও ফিক্‌হ" বিষয়ক বিশেষজ্ঞ কমিটি ইবতেদায়ী প্রথম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য আকাইদ ও ফিক্‌হ শিক্ষার উদ্দেশ্য, প্রান্তিক যোগ্যতা, অর্জন উপযোগী যোগ্যতা, আবশ্যকীয় শিখনক্রম ও পাঠ্যসূচি সম্পর্কে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করেন। শ্রেণীভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতানুসারে শিক্ষার্থীগণ যেন এগুলো পুরোপুরি অর্জন করতে পারে তা নিশ্চিত করার জন্য আকাইদ ও ফিক্‌হ বিষয়ের পাঠ্যপুস্তকসমূহ পরিমার্জনের প্রয়োজন দেখা দেয়। এ প্রয়োজনের প্রতি দৃষ্টি রেখেই শিক্ষার্থীদের সুবিধার জন্য পাঠ্যপুস্তকটিতে সহজ বাক্যরীতি প্রয়োগ এবং যথাস্থানে শিক্ষক নির্দেশিকা সন্নিবেশ করে ইবতেদায়ী প্রথম শ্রেণীর "আকাইদ ও ফিক্‌হ" পাঠ্যপুস্তকটি পরিমার্জন ও নবায়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট রচয়িতা, পরিমার্জনকারী এবং অপরাপর ব্যক্তিবর্গের চেষ্টা ও সতর্কতা সত্ত্বেও পাঠ্যপুস্তকটিতে কিছু ত্রুটি-বিচ্যুতি থাকা অসম্ভব নয়। পাঠ্যপুস্তকটিতে শব্দ প্রয়োগ, শব্দের বানান, বাক্যগঠন, বিষয়বস্তু উপস্থাপন, অনুশীলনী এবং এর পঠন বিন্যাসে কোনো রকম অসঙ্গতি থাকলে এ বিষয়ে আমাদের অবহিত করা হলে আমরা কৃতজ্ঞ থাকব। এ বিষয়ে ভবিষ্যতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

যাঁদের আন্তরিক প্রচেষ্টায় এবং উদ্যোগে এ পুস্তকটি প্রকাশিত হল, তাঁদের সবাইকে আন্তরিক মুবারকবাদ।

প্রফেসর মোঃ ইউসুফ
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

Instructbd.blogspot.com

শিক্ষক নির্দেশিকা

সম্মানিত শিক্ষকমণ্ডলী,

এ পুস্কিাটি প্রথম শ্রেণীর শিশু ছাত্র-ছাত্রীদের জন্য প্রণীত হয়েছে। তাদের অক্ষর জ্ঞানের কথা চিনা করে ফিক্হ ও আকাইদের প্রথম কথা ছড়ার মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। আরবী শব্দের সাথে ছাত্র-ছাত্রীদের পরিচিত করানোর জন্য আরবী শব্দগুলো বাংলা উচ্চারণ ছাড়াই আরবীতে লেখা হয়েছে।

শ্রেণীকক্ষে শিক্ষকগণ ছড়াগুলো সুর দিয়ে আবৃত্তি করবেন। ছাত্র-ছাত্রীরা শিক্ষকগণের সাথে সমস্বরে তা উচ্চারণ করবে। শিক্ষকগণ এ শ্রেণীতে কখনো ছাত্র-ছাত্রীদের বানান করে ছড়া উচ্চারণ করতে বলবেন না। অয, আযান ইত্যাদি হাতে-কলমে শিক্ষা দানের জন্য শিক্ষকগণ শ্রেণীকক্ষের বাইরে ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাস নেবেন।

প্রতি অধ্যায়ের শেষে অনুশীলনী আছে। শিক্ষক ছাত্র-ছাত্রীদের থেকে সংক্ষিপ্ত আকারে সঠিক জবাব নেয়ার চেষ্টা করবেন। এ কাজের সুবিধার্থে ছড়ার শন্যস্থান দেয়া আছে। শিক্ষকের সাথে ছাত্র-ছাত্রীরা সমস্বরে ছড়ার শন্যস্থান পরণ করবে।

– গ্রন্থকার

Instructbd.blogspot.com

সূচিপত্র

প্রথম অংশ : আকাইদ

প্রথম অধ্যায় তাওহীদ

১. সৃষ্টিকর্তার নাম ৭
২. তা'আওউয ৯
৩. তাস্‌মিয়াহ্‌ ৯
৪. কালিমায়ে তায়্যিবাহ্‌ ১০
৫. কালিমায়ে শাহাদাত ১১

দ্বিতীয় অধ্যায় নবী-রাসূল ও আসমানী কিতাব

১. প্রথম নবীর নাম ১৩
২. শেষ নবীর নাম ১৩

আসমানী কিতাব

১. আমাদের ধর্মের নাম ১৪
২. আমাদের ধর্মগ্রন্থের নাম ১৫

দ্বিতীয় অংশ : ফিক্‌হ

প্রথম অধ্যায় তাহারাত

১. অযূ ১৬
২. আযান ১৭

দ্বিতীয় অধ্যায় মু'আমালাত

১. সালাম ও সালামের জবাব ২০
২. মুসাফাহা ২১
৩. সত্য বলা ২১

তৃতীয় অধ্যায় দু'আ

১. তা'আওউয ২৩
২. তাস্‌মিয়াহ্‌ ২৩
৩. আল্‌হাম্‌দু লিল্লাহ্‌ ২৪

Instructbd.blogspot.com

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রথম অংশ

আকাইদ

প্রথম অধ্যায়

তাওহীদ - اَلتَّوْحِيْدُ

১

সৃষ্টিকর্তার নাম

اَللّٰهُ

আল্লাহ্

আল্লাহ্ সব কিছুর সৃষ্টিকর্তা। তিনি এক ও অদ্বিতীয়।

Instructbd.blogspot.com

ছড়া

আল্লাহ্ এক, দ্বিতীয় নেই,
বিশ্বাস কর, তাওহীদ এই।

ছড়া

আল্লাহ্ ইলাহ্
আল্লাহ্ রব,
দীন দুনিয়া
তাঁরই সব।

ছড়া

আল্লাহ্ মালিক,
আল্লাহ্ খালিক,
তিনিই সবার আহার জোগান।
জীবন মরণ
তাঁরই হাতে
সবাই কর তাঁরই গুণগান।

Instructbd.blogspot.com

২

তা'আওউয - اَلتَّعَوُّذُ

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অর্থ : বিতাড়িত শয়তান থেকে আল্লাহ্‌র কাছে পানাহ্ চাই।

ছড়া

তা'আওউয পড় সকল কাজে,
শয়তান পালায় আগে ভাগে।

৩

তাস্‌মিয়াহ্ - اَلتَّسْمِيَةُ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অর্থ : পরম করুণাময়, দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি।

ছড়া

পরম দয়ালু দাতা
আল্লাহ্ মেহেরবান,
তাঁর নামে শুরু করি
যত কাজ-কাম।
চাও যদি বরকত কাজে,
পড় তবে তাস্‌মিয়াহ্ আগে।

Instructbd.blogspot.com

৪

কালিমায়ে তায়্যিবাহ্ - كَلِمَةٌ طَيِّبَةٌ

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ

অর্থ : আল্লাহ্ ছাড়া কোনো ইলাহ্ নেই।
মুহাম্মাদ (স) আল্লাহর রাসূল।

ছড়া

ইলাহ নেই কেউ আল্লাহ্ ছাড়া,
মুহাম্মাদ তাঁর রাসূল সেরা
এই কালিমা ইসলামের
মূল কথা ভাই,
এর চেয়ে ভালো কথা
অন্য কিছু নাই।

Instructka.blogspot.com

৫

কালিমায়ে শাহাদাত - كَلِمَةُ الشَّهَادَةِ

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَاشَرِيْكَ لَهٗ

وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ : আমি যে এই সাক্ষ্য দেই,
আল্লাহ্ ছাড়া ইলাহ্ নেই।
এক তিনি, তাঁর শরীক নেই,
আমি আরো সাক্ষ্য দেই,
মুহাম্মাদ যে বান্দা তাঁর,
তিনি হলেন রাসূল তাঁর।



Instructbd.blogspot.com

অনুশীলনী

১. সৃষ্টিকর্তার নাম কী?

২. তাওহীদ অর্থ কী?

৩. 'আল্লাহ্ ছাড়া কেউ ইলাহ্ নেই' ছড়াটি মুখস্থ বল।

৪. তা'আওউয মুখস্থ বল।

৫. তাস্‌মিয়াহ্ মুখস্থ বল।

৬. কালিমা তায়্যিবাহ্ মুখস্থ বল।

৭. কালিমা শাহাদাত মুখস্থ বল।

৮. শূন্যস্থান পূরণ কর :

(ক) আল্লাহ্ এক, দ্বিতীয় নেই,
.....।

(খ) আল্লাহ্ মালিক, আল্লাহ্ খালিক,
তিনিই সবার .....।

(গ) জীবন মরণ
তাঁরই হাতে
.....।

Instructbd.blogspot.com

দ্বিতীয় অধ্যায়

اَلنَّبِيُّ وَالرَّسُوْلُ وَالْكُتُبُ السَّمَاوِيَّةُ

নবী-রাসূল ও আসমানী কিতাব

১

প্রথম নবীর নাম

প্রথম নবীর নাম হযরত আদম (আ)

ছড়া

আদম মোদের প্রথম নবী,
জানাই তাঁকে আস্‌সালাম।
আদম হলেন প্রথম মানুষ,
হাওয়া যে তাঁর বিবির নাম।

২

শেষ নবীর নাম

শেষ নবীর নাম হযরত মুহাম্মাদ (স)। তাঁর পরে আর কোনো নবী আসবেন না।

ছড়া

মোদের নবী মুহাম্মাদ,
আরেক নাম তাঁর আহমাদ
শেষ নবী মুহাম্মাদ,
বিশ্বনবী মুহাম্মাদ,
আমরা হলাম তাঁর উম্মাত।

Instructbd.blogspot.com

আসমানী কিতাব

৩

আমাদের ধর্মের নাম

আমরা মুসলমান। আমাদের ধর্মের নাম ইসলাম।

ছড়া

আমরা হলাম মুসলমান
ধর্ম মোদের ইসলাম
সব মুসলমান ভাই ভাই
উঁচু নিচুর ভেদ নাই।

Instructbd.blogspot.com

৪

আমাদের ধর্মগ্রন্থের নাম

আমাদের ধর্মগ্রন্থের নাম আল্ কুরআন।

ছড়া

আল্লাহর বাণী আল্ কুরআন,
সর্বসেরা সুমহান।
তাওরাত, যাবূর, ইনজীল,
কুরআনের আগে হয় নাযীল।

অনুশীলনী

১. প্রথম নবীর নাম কী?
২. শেষ নবীর নাম কী?
৩. আমাদের ধর্মের নাম কী?
৪. আমাদের ধর্মগ্রন্থের নাম কী?
৫. আসমানী কিতাব কয়খানা এবং কী কী?
৬. শূন্যস্থান পূরণ কর :
(ক) মোদের নবী মুহাম্মাদ,
.....।
(খ) সব মুসলমান ভাই ভাই,
.....।
(গ) তাওরাত, যাবূর, ইনজীল,
.....।

Instructbd.blogspot.com

দ্বিতীয় অংশ

ফিক্‌হ

প্রথম অধ্যায়

তাহারাত - اَلطَّهَارَةُ

১

অযূ - اَلْوُضُوْءُ

ছড়া

অযূ করে পাক হই,
নামায পড়ে তাসবীহ্ লই।
কুরআন পড়ি সকাল-বিকাল,
খুশি হবেন যুলজালাল।

ছড়া

অযূর ফরয কয়টি
অযূর ফরয চারটি।
মুখ, হাত আর পা ধোয়া,
মাথার আংশিক মাসেহ করা।

শিক্ষকগণ ছাত্র-ছাত্রীদের নিয়ে অযূর অনুশীলন করবেন।

Instructbd.blogspot.com

আযান - اَلْأَذَانُ

ছড়া

নামাযের ওয়াক্‌ত হলে,
মুয়ায্‌যিন আযান বলে;
আযান দিয়ে নামায পড়ি,
আল্লাহ্‌র নাম স্মরণ করি।

Instructbd.blogspot.com

আযানের বাক্য

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ

اَشْهَدُ اَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللّٰهِ

اَشْهَدُ اَنَّ مُحَمَّدًا رَّسُوْلُ اللّٰهِ

حَيَّ عَلَى الصَّلٰوةِ

حَيَّ عَلَى الصَّلٰوةِ

حَيَّ عَلَى الْفَلَاحِ

حَيَّ عَلَى الْفَلَاحِ

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ

Instructor.blogspot.com

শিক্ষকগণ অনুশীলনীর মাধ্যমে শিশুদের আযান শিক্ষা দেবেন। আযানের বাক্যগুলো যথাযথভাবে মাশ্‌ক করাবেন।

অনুশীলনী

১. অযূ কী?

২. অযূর ফরয কয়টি ও কী কী?

৩. মুয়ায্‌যিন কখন আযান দেয়?

৪. আযানের বাক্যগুলো মুখস্থ বল।

৫. শূন্যস্থান পূরণ কর :

(ক) অযূ করে পাক হই,

..... ।

(খ) কুরআন পড়ি সকাল-বিকাল,

..... ।

(গ) অযূর ফরয কয়টি

..... ।

(ঘ) মুখ, হাত আর পা ধোয়া,

..... ।

(ঙ) নামাযের ওয়াক্‌ত হলে,

..... ।

(চ) আযান দিয়ে নামায পড়ি,

..... করি।

Instructbd.blogspot.com

দ্বিতীয় অধ্যায়

মু'আমালাত - اَلْمُعَامَلَاتُ

১

সালাম ও সালামের জবাব

এক মুসলমানের সাথে অন্য মুসলমানের দেখা হলে সালাম বিনিময় করতে হয়।

ছড়া

দেখা হলে ভাইয়ের সাথে
সালাম দিতে হয়,
সালাম দিলে সাথে সাথে
জবাব দিতে হয়।

সালামের বাক্য

اَلسَّلَامُ عَلَيْكُمْ

অর্থ : আপনার ওপর শান্তি বর্ষিত হোক।

সালামের জবাব

وَعَلَيْكُمُ السَّلَامُ

অর্থ : আপনার ওপরও শান্তি বর্ষিত হোক।

Instructbd.blogspot.com

২

মুসাফাহা - اَلْمُصَافَحَةُ

একে অপরের সাথে দু'হাত মিলানোকে মুসাফাহা বলে।

ছড়া

সালাম দিয়ে মিলাও হাত
আল্লাহ্ দেবেন মাগফিরাত,
হিংসা-বিদ্বেষ রবে না
দুশমনি আর থাকবে না।

৩

সত্য বলা

ছড়া

সত্য কথা বলব,
সত্য পথে চলব;
সত্য ছাড়া মুক্তি নাই,
সত্য বলে শান্তি পাই।
বিশ্বনবীর পথ ধরি,
খোদার কাছে আরয করি;
সত্য যেন বলতে পারি,
সুপথে যেন চলতে পারি।

Instructbd.blogspot.com

অনুশীলনী

১। সালামের বাক্য কী?

২। সালামের জবাব কী?

৩। মুসাফাহা কাকে বলে?

৪। আমরা আল্লাহ্‌র নিকট কী আরয করি?

৫। শূন্যস্থান পূরণ কর :

(ক) দেখা হলে ভাইয়ের সাথে
..... ।

(খ) সালাম দিলে সাথে সাথে
..... ।

(গ) সালাম দিয়ে মিলাও হাত
..... ।

(ঘ) বিশ্বনবীর ..... ধরি,
খোদার কাছে ..... ।

(ঙ) সত্য ছাড়া মুক্তি নাই,
..... ।

(চ) সত্য কথা বলব,
..... ।

Instructbd.blogspot.com

তৃতীয় অধ্যায়

দু'আ - اَلدُّعَاءُ

১

তা'আওউয - اَلتَّعَوُّذُ

اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অর্থ : আমি বিতাড়িত শয়তান থেকে আল্লাহ্‌র কাছে পানাহ্ চাই।

কুরআন পড়ার শুরুতে তা'আওউয পড়তে হয়।
সকল কাজের শুরুতে তা'আওউয পড়তে হয়।
তা'আওউয পড়লে শয়তান পালিয়ে যায়।
শয়তান ধোঁকা দিতে পারে না।
আল্লাহ্ আমাদেরকে নিরাপদে রাখেন।

২

তাসমিয়াহ্- اَلتَّسْمِيَةُ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অর্থ : পরম করুণাময়, দয়ালু, আল্লাহ্‌র নামে শুরু করছি।

তাস্‌মিয়াহ্-এর অনেক ফযীলাত।
সকল কাজের শুরুতে তাস্‌মিয়াহ্ পড়লে বরকত পাওয়া যায়।
খাবারের পূর্বে বিস্‌মিল্লাহ্ পড়তে হয়।
লেখাপড়ার শুরুতে বিস্‌মিল্লাহ্ পড়তে হয়।
বিস্‌মিল্লাহ্ পড়লে আল্লাহ্ খুশি হন।
কাজ সফল হয়।

Instructbd.blogspot.com

৩

আল্‌হাম্‌দু লিল্লাহ্‌ - اَلْحَمْدُ لِلّٰهِ

অর্থ : সকল প্রশংসা আল্লাহর জন্য।

আল্‌হাম্‌দু লিল্লাহ্‌-এর অনেক ফযীলাত।
ইহা পাঠ করলে আল্লাহ্‌ খুশি হন।
খাওয়ার শেষে আল্‌হাম্‌দু লিল্লাহ্‌ বলতে হয়।
কোনো সুখবর শুনলে খুশিতে আল্‌হাম্‌দু লিল্লাহ্‌ বলতে হয়।
কোনো কাজ ভালোভাবে শেষ করলে
আল্‌হামদু লিল্লাহ বলতে হয়।

অনুশীলনী

১। তা'আওউয অর্থ কী?
২। তা'আওউয কখন পড়তে হয়?
৩। তাস্‌মিয়াহ্‌ অর্থ কী?
৪। তাস্‌মিয়াহ্‌ কখন পড়তে হয়?
৫। আল্‌হাম্‌দু লিল্লাহ্‌-এর অর্থ কী?
৬। আল্‌হাম্‌দু লিল্লাহ্‌ কখন বলতে হয়?

সমাপ্ত

Instructbd.blogspot.com

Instructbd.blogspot.com

২০১১ শিক্ষাবর্ষের জন্য, ১–আকাইদ

পড় তোমার প্রভুর নামে, যিনি সৃষ্টি করেছেন

– আল কুরআন

ইবতেদায়ী শিক্ষা কর্মসূচির আওতায়
সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

Instructbd.blogspot.com

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত
এবং জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত।

মুদ্রন ও বাঁধাইয়ে ঃ